

যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালন

বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) যথাযোগ্য মর্যাদায় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন করেছে। বুধবার (১৫ আগস্ট, ২০১৮) রাজধানীর মানিক মিয়া এভিনিউস্থ বারটান প্রধান কার্যালয়ের সভাকক্ষে জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়ার আয়োজন করা হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন বারটান নির্বাহী পরিচালক ও কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মোঃ ফজলে ওয়াহেদ খোন্দকার। আলোচনা সভায় বক্তব্য রাখেন বারটান পরিচালক (যুগ্ম সচিব) জনাব কাজী আবুল কালাম, বারটান অবকাঠামো নির্মাণ ও শক্তিশালী করণ প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব) জনাব এস এম শিবলী নজির। সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বারটান-এর প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (চঃদাঃ) জনাব এ এইচ এম জালাল উদ্দিন আকবর, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা তাসনীমা মাহজাবিন এবং বৈজ্ঞানিক কর্মকর্তা প্রিন্স বি শ্বাস। আলোচনা সভা সঞ্চালনায় ছিলেন সহকারী বৈজ্ঞানিক কর্মকর্তা কাওহার আহমেদ।

আলোচনা সভায় বক্তারা ১৯৭৫ সালের ১৫ আগস্ট ঘাতকের নির্মম বুলেটে নিহত সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারবর্গের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। সভায় বঙ্গবন্ধুর সংগ্রামী রাজনৈতিক জীবনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয় এবং কৃষিক্ষেত্রে বঙ্গবন্ধুর অবদানের কথা ও শ্রদ্ধাবনত চিত্তে স্মরণ করা হয়। আলোচনা সভা শেষে বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের সদস্যদের আত্মার শান্তি কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। আলোচনা সভা ও দোয়া মাহফিলে বারটান-এর সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।





